দৈনিক জনকণ্ঠ

তারিখ MAY 4 1999
পৃষ্ঠা ৬ কলাম ৩

ছাত্রাবাসে তল্লাশি ॥ অস্ত্র ও বোমা উদ্ধার

# ছাত্রলীগ-শিবির সংঘর্ষের পর খুলনার বিএল কলেজ বন্ধ ঘোষণা

**স্টাফ রিপোর্টার, খুলনা অফিস ॥** খুলনার দৌলতপুর বিএল কলেজে ছাত্রলীগ ও ছাত্র শিবিরের মধ্যে সোমবার দেড় ঘণ্টাব্যাপী এক বন্দুকযুদ্ধের পর কলেজটি বন্ধ ঘোষণা করা হয়েছে। কলেজে প্রথম বর্ষ সম্মান শ্রেণীতে দলীয় সমর্থকদের ভর্তির চেষ্টাকে কেন্দ্র করে দুই ছাত্র সংগঠনের নেতৃত্ব পর্যায়ে বিতর্কের জের হিসাবে এই সংঘর্ষ ঘটে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ প্রায় অর্ধশত রাউন্ড টিয়ার গ্যাস শেল ও শটগানের গুলি ছোড়ে। সংঘর্ষের পর কলেজের বিভিন্ন ছাত্রাবাসে তল্লাশি চালিয়ে পুলিশ বেশ কিছু ধারালো অস্ত্র, বোমা তৈরির সরঞ্জামাদি ও একটি কডলেস টেলিফোন সেট উদ্ধার করে। এক পুলিশসহ পাঁচ ছাত্র সংঘর্ষে আহত হয়েছে।

জানা যায়, সকাল দশটায় ছাত্রলীগ ও ছাত্র শিবিরের মধ্যে সংঘর্ষ শুরু হয়। উভয় সংগঠনই নিজ দলীয় সমর্থকদের অনার্সে ভর্তির চেষ্টা করে আসছে। পুলিশ জানায়, ভর্তিকে কেন্দ্র করে সৃষ্ট বিতর্কের জের হিসাবে ছাত্র শিবিরের সদস্যরা ধাওয়া, বোমাবাজি ও গুলিবর্ষণ শুরু করলে সংঘর্ষ শুরু হয়। প্রায় দেড়ঘণ্টা সংঘর্ষ চলার পর পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। সংঘর্ষ চলাকালে কলেজের ছাত্রছাত্রীরা প্রাণভয়ে ছোটাছুটি শুরু করে। সম্ভাব্য সহিংসতা এড়াতে কর্তৃপক্ষ কলেজ বন্ধ ঘোষণা করেছে। উল্লেখ্য, দীর্ঘ পাঁচ বছর বিএল কলেজে ছাত্র রাজনীতি নিষিদ্ধ থাকার পর সম্প্রতি নিষেধাজ্ঞা কিছুটা শিথিল করা হয়।